



প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনার সন্তান 1973-এর পুনর্বাসন আইন বা রিহাবিলিটেশন অ্যাক্ট-এর সেকশন 504-এর অধীনে স্কুল ও DOE প্রোগ্রাম/কর্মকাণ্ডে স্বাস্থ্যগত পরিষেবা এবং/অথবা চিকিৎসাগত (মেডিক্যাল) বিশেষ সুবিধা লাভ করতে পারে। এই পরিষেবাগুলো একজন শিক্ষার্থীকে স্কুলে তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে সমভাবে অংশগ্রহণ করতে স্বাস্থ্যগত চাহিদা পূরণে সহায়তা করে। উদাহরণস্বরূপ: চিকিৎসাগত চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের স্কুলে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের নির্দেশনা অনুযায়ী তাদের ঊষধ দেয়া হতে পারে, অথবা যেসব শিক্ষার্থীর দেখতে অথবা শুনতে অসুবিধা হয় তাদের ব্ল্যাকবোর্ডের কাছে বসান হতে পারে।

প্রতি শিক্ষা বছর অফিস অড স্কুল হেলথ্ রিভিউ চিকিৎসাগত সুবিধার অনুরোধগুলো পর্যালোচনা করে স্কুলে আপনার সন্তানের পরিষেবা এবং/অথবা বিশেষ সুবিধাসমূহ প্রয়োজন কিনা তা নিশ্চিত করে, এবং আপনার সন্তানের চাহিদাসমূহ পূরণ করা নিশ্চিত করার জন্য যেকোনো পরিবর্তন স্কুলকে অবহিত করে।

আসন্ন শিক্ষা বছরের জন্য প্রস্তুত হতে, অনুগ্রহ করে:

- আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারীকে সংযুক্ত ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম অথবা মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (সম্প্রতি তোলা একটি ছোট ছবি উপরপ্রান্তে বাম কোণায় সংযুক্ত করুন) এবং মেডিক্যাল অ্যাকোমোডেশনস্ রিকোয়েস্ট ফর্ম পূরণ করতে বলুন।
- আপনার সন্তান অনুমোদিত পরিষেবা 2021-2022 শিক্ষা বছরের শুরুতেই যেন পেতে পারে, তা নিশ্চিত করতে অনুগ্রহ করে **1 জুন, 2021 তারিখের মধ্যে বা যথাসীম সম্ভব**, পূরণকৃত ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম অথবা মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্মটি স্কুল নার্সের কাছে জমা দিন।
- শিক্ষাগত এবং অন্যান্য স্কুল-ভিত্তিক বিশেষ সুবিধা অনুরোধ করার জন্য HIPAA সহ পূরণকৃত প্যারেন্ট রিকোয়েস্ট ফর্মের পাশাপাশি মেডিক্যাল অ্যাকোমোডেশন রিকোয়েস্ট ফর্মটি আপনার 504 কোঅর্ডিনেটরের কাছে জমা দিন।

শিক্ষা বছরের শেষে মেডিক্যাল ফর্মসমূহ জমা দিতে হলে নিম্নলিখিত যোগাযোগের মাধ্যমে পাঠানো যাবে:

ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম:

ফ্যাক্স করুন:

347-396-8945 (ব্রংক্স এবং ম্যানহ্যাটান)
347-396-8933 (ব্রুকলিন এবং স্ট্যাটেন আইল্যান্ড)
347-396-8932 (কুইন্স)

অথবা

ডাকযোগে প্রেরণ করুন:

Attn: DMAF Coordinator
New York City DOHMH
Office of School Health
42-09 28th Street, CN-25
Queens, New York 11101-4714

অন্য সকল মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্মসমূহ:

ডাকযোগে প্রেরণ করুন:

Attn: Director of Nursing
New York City DOHMH
Office of School Health
42-09 28th Street, CN-25
Queens, New York 11101-4714

অথবা

আপনার সন্তান যে বরোতে স্কুলে যাবে সেখানে **ইমেইল** করুন:

BronxMAF@schools.nyc.gov
BrooklynMAF@schools.nyc.gov
ManhattanMAF@schools.nyc.gov
QueensMAF@schools.nyc.gov
StatenIslandMAF@schools.nyc.gov